



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.০৬.০০০৫.২৩.১৪৬

বিষয়: বাপাউবো'র অধিগ্রহণকৃত রেকর্ড/নামজারীবিহীন জমির রেকর্ড/নামজারীকরণ প্রসঙ্গে।

সূত্র: ১। ২৬-০১-২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের সমন্বয় সভার সিদ্ধান্ত।

- ২। অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.২০৩.০৬.০০০৫.২৩-৩৮ তারিখঃ ২৭-০১-২০২৫ খ্রিঃ।
- ৩। অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.২০৩.০৬.০০০৫.২৩-৮৯ তারিখঃ ২৪-০২-২০২৫ খ্রিঃ।
- ৪। অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.২০৩.০৬.০০০৫.২৩-১৭০ তারিখঃ ২৭-০৪-২০২৫ খ্রিঃ।
- ৫। অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.২০৩.০৬.০০০৫.২৩-২০৭ তারিখঃ ১৪-০৫-২০২৫ খ্রিঃ।
- ৬। অত্র দপ্তর স্মারক নং- ৪২.০১.০০০০.২০৩.০৬.০০০৫.২৩-৩০৫ তারিখঃ ২৩-০৬-২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্রমিক নং- ২ হতে ৬ সূত্রীয় স্মারকের মাধ্যমে বাপাউবো কর্তৃক অধিগ্রহণকৃত/মালিকানাধীন জমির রেকর্ড ও নামজারী সম্পন্ন করার জন্য অত্র দপ্তর কর্তৃক পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ পর্যন্ত উল্লেখযোগ্য পরিমাণ অগ্রগতি লক্ষ্য করা যায়নি। উক্ত বিষয়ে ক্রমিক নং- ১ এর সূত্রীয় স্মারকের মাধ্যমে মন্ত্রণালয় কর্তৃক তাগিদ প্রদান করা হয়েছে। এখানে “বাপাউবো'র অধিগ্রহণকৃতমালিকানাধীন জমির গেজেটকৃত ও রেকর্ড-নামজারীকৃত জমির তথ্য” সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, আপনার পানি উন্নয়ন বিভাগের আওতাধীন রেকর্ড/নামজারীবিহীন জমি ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ মাসের মধ্যে বাপাউবো'র অনুকূলে রেকর্ড/নামজারী সম্পন্ন করার নিমিত্ত যথাযথ পদক্ষেপ গ্রহণ করতঃ সংযুক্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন নমুনা ছকে (২১ কলাম) অগ্রগতি প্রতিবেদন (MS Excel শীটে সফটকপি ও স্বাক্ষরকৃত pdf কপি) অত্র দপ্তরের ইমেইল ঠিকানায় (landrev@yahoo.com) প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এবিষয়ে কোন সীমাবদ্ধতা থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যৌক্তিক কারণ ও মতামতসহ প্রস্তাবনা বোর্ডকে অবহিত করা যেতে পারে।

উল্লেখ্য, রেকর্ড/নামজারী করার ক্ষেত্রে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি বা উদাসীনতা পরিলক্ষিত হলে উক্ত কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্তৃপক্ষকে অবহিত করার নির্দেশনা রয়েছে।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

সকল সংযুক্তিসমূহ:

- (১) মাসিক অগ্রগতি প্রতিবেদন নমুনা ছক
- (২) ২৬-০১-২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের সমন্বয় সভার সিদ্ধান্ত
- (৩) পত্র ০১ হতে ০৫
- (৪) বাপাউবো'র অধিগ্রহণকৃতমালিকানাধীন জমির গেজেটকৃত ও রেকর্ড-নামজারীকৃত জমির তথ্য



১৭-১১-২০২৫

মো:আতিকুর রহমান

পরিচালক (ভূমি ও রাজস্ব) (অতিরিক্ত দায়িত্ব)

০২২২২২৩০০৫৬

dir.land@bwdb.gov.bd

নির্বাহী প্রকৌশলী (পুর)

সকল পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০০.২০৩.০৬.০০০৫.২৩.১৪৬/১ (১২)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

- ১। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
- ২। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), সকল জোন, বাপাউবো।
- ৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), সকল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। সিনিয়র সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব)/সহকারী পরিচালক (ভূমি ও রাজস্ব), সকল, বাপাউবো।
- ৭। সহকারী রাজস্ব কর্মকর্তা, সকল, বাপাউবো।
- ৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো।
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো।
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো।
- ১১। রাজস্ব সার্ভেয়ার, সকল, বাপাউবো।
- ১২। অফিস কপি / মাস্টার কপি, ।



১৭-১১-২০২৫

মোঃ জাহিরুল ইসলাম

উপ-পরিচালক